



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সরকারি শাহ সুলতান কলেজ, বগুড়া
অধ্যক্ষের কার্যালয়।



বিজ্ঞপ্তি নং- সশাসুক/বগ/২০২০/-----৬৬৩

তারিখ : ১১/১০/২০২০

বিষয় : উচ্চ মাধ্যমিক শ্রেণির (শিক্ষাবর্ষ ২০১৯-২০২০) উপবৃত্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের অনলাইন ব্যাংক একাউন্ট/মোবাইল ব্যাংকিং একাউন্ট খোলা প্রসঙ্গে।

এতদ্বারা অত্র কলেজের উচ্চ মাধ্যমিক শ্রেণির (শিক্ষাবর্ষ: ২০১৯-২০২০) শিক্ষার্থীদেরকে জানানো যাচ্ছে যে, তাদের উপবৃত্তি প্রাপ্তির জন্য নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণপূর্বক আগামী ২০/১০/২০২০ তারিখের মধ্যে অনলাইন ব্যাংক একাউন্ট/মোবাইল ব্যাংকিং একাউন্ট খোলার জন্য নির্দেশ দেয়া হলো। একাউন্ট খোলার পর একাউন্ট নম্বর উল্লিখিত তারিখের মধ্যেই কলেজের অফিস সহকারী জনাব মোঃ নাহিদ আলীর নিকট জমা দিতে বলা হলো। উক্ত তারিখের মধ্যে ব্যাংক একাউন্ট নম্বর জমা দিতে ব্যর্থ হলে উপবৃত্তি প্রাপ্তিতে জটিলতার দায় শিক্ষার্থীদেরকে বহন করতে হবে।

শিক্ষার্থীর একাউন্ট খোলার নিয়মাবলী:

১।	নির্বাচিত শিক্ষার্থী উপবৃত্তির অর্থ প্রাপ্তির লক্ষ্যে পছন্দের যে কোন অনলাইন ব্যাংক একাউন্ট (১৩ থেকে ১৭ ডিজিট)/মোবাইল ব্যাংকিং একাউন্ট ব্যবহার করতে পারবে। অনলাইন ব্যাংক একাউন্ট (১৩ থেকে ১৭ ডিজিট) ব্যবহারের ক্ষেত্রে স্কুল ব্যাংকিং নীতিমালা অনুসারে শিক্ষার্থী/শিক্ষার্থী ও অভিভাবকের যৌথনামে একাউন্ট খুলতে হবে।
২।	উপবৃত্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের পিতা/মাতার জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে অনলাইন ব্যাংক একাউন্ট/মোবাইল ব্যাংকিং একাউন্ট খুলতে হবে এবং উক্ত নম্বর শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে প্রদান করতে হবে। পিতা/মাতার অনুপস্থিতিতে অভিভাবকের নামে একাউন্ট খোলা যাবে।
৩।	ইতোপূর্বে পিতা/মাতার নামে জাতীয় পরিচয়পত্র দিয়ে কোন বৈধ ও সচল মোবাইল ব্যাংকিং একাউন্ট খোলা থাকলে নতুন করে একাউন্ট খোলার প্রয়োজন নেই। উক্ত একাউন্ট শিক্ষার্থীর উপবৃত্তি প্রাপ্তির জন্য ব্যবহার করা যাবে। তবে একাউন্টধারীর নাম হিসাবে শিক্ষার্থীর নাম লিখতে হবে।
৪।	একই পিতা/মাতার একাধিক (২/৩ জন) সন্তান উপবৃত্তিযোগ্য হলে সেক্ষেত্রে পিতার জাতীয় পরিচয়পত্র, মাতার জাতীয় পরিচয়পত্র দিয়ে পৃথক একাউন্ট খুলতে হবে। এছাড়া নির্বাচিত শিক্ষার্থীর পিতা/মাতার একই জাতীয় পরিচয়পত্র দিয়ে ভিন্ন ভিন্ন মোবাইল সার্ভিস প্রোভাইডার (বিকাশ/রকেট/শিওরক্যাশ/নগদ ইত্যাদি) এর একাউন্ট খোলা যাবে এবং ভিন্ন ভিন্ন ব্যাংকে অনলাইন ব্যাংক একাউন্ট খুলে ব্যবহার করা যাবে।
৫।	HSP MIS এ প্রদত্ত পিতা/মাতা/অভিভাবকের জাতীয় পরিচয়পত্র নম্বর এবং সংশ্লিষ্ট একাউন্টের জাতীয় পরিচয়পত্রের নম্বর একই হতে হবে। ভিন্ন জাতীয় পরিচয়পত্রের নাম্বার হলে উপবৃত্তির জন্য বাতিল বলে গণ্য হবে।

** সংশ্লিষ্ট সকলকে যথাযথ স্বাস্থ্যবিধি মেনে ও মাস্ক পরিধান করে কার্য সম্পাদন করার জন্য বলা হলো।

প্রতিস্বাক্ষর

২২/১০/২০২০
অধ্যক্ষ

সরকারি শাহ সুলতান কলেজ, বগুড়া।

অধ্যক্ষ
সরকারি শাহ সুলতান কলেজ
বগুড়া।

২২/১০/২০২০

(মোহাম্মদ আব্দুল জলিল)

সহযোগী অধ্যাপক, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ

ও

আহ্বায়ক

একাদশ শ্রেণির উপবৃত্তি ব্যবস্থাপনা কমিটি-২০২০

সরকারি শাহ সুলতান কলেজ, বগুড়া।